

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**  
**উত্তরখান শাখা, ঢাকা।**

অর্থস্থগ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স সুমন এন্টারপ্রাইজ, স্বত্ত্বাধিকারী জনাব মোহাম্মদ আবুল বাশার, পিতা-মৃত মোতাহের হোসেন, মাতাঃ জাবেদা খাতুন, ব্যবসায়িক ঠিকানা-৪১৪/১, উত্তরখান মাদারবাড়ী, মধ্যপাড়া, থানা-উত্তরখান, জেলা-ঢাকা, বর্তমান ও স্থায়ী ঠিকানা-৪৪২, উত্তরখান মাদারবাড়ী, মধ্যপাড়া, থানা-উত্তরখান, জেলা-ঢাকা কর্তৃক ইউসিবি, উত্তরখান শাখা হইতে গৃহীত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোকার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। খণ্ডগ্রহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায় বিগত ১৫/০৭/২০১৮ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৩৯,২৩,৫৫৫.১৩ (উনচাল্লিশ লক্ষ তেইশ হাজার পাঁচশত পঞ্চাশ টাকা তের পয়সা) টাকা সহ অন্যান্য আনুসার্দিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আঁথাই ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণসং ঠিকানা উল্লেখপূর্বক সীলনোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

জেলা-ঢাকা, থানা-উত্তরখান, সাব-রেজিস্ট্রি অফিস-উত্তরা, মৌজা-উত্তরখান, জে.এল. নং-সি.এস.-১৯৫, এস.এ.-১৭, আর.এস.-১৪, সি.এস. খতিয়ান-৬৩৩, এস.এ. খতিয়ান-৮৯৩, আর.এস. খতিয়ান-১০২০, মিউটেশন খতিয়ান নং-১০২০, সি.এস. এবং এস.এ. দাগ নং-২৩১৯, আর.এস. দাগ নং-৩৯৩৪ এবং ৩৯৩৫, ডিপি খতিয়ান নং-৩২৭০, ঢাকা সিটি জরিপ দাগ নং-২৭০১৫, মোট জমির পরিমাণ-৪.৯৫ শতাংশ এবং তদুপরিস্থিত ২ (দুই) তলা পাকা ভবন যাহার চৌহদীঃ উত্তরে-রাস্তা, দক্ষিণে-রাস্তা, পূর্বে-মোহাম্মদ আলী গং এবং পশ্চিমে-নিজ।

**নিলামের শর্তাবলী :-**

- ১। আগামী ৩০/০৮/২০১৮ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরখান শাখায় রাখ্তি বাস্তে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরখান শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নবই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াশ্ব হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াশ্ব হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস

সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

- ৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না ।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন ।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন ।

শাখা ব্যবস্থাপক, ইউসিবি, উত্তরখান শাখা, ঢাকা ।